QUR'AN RESEARCH FOUNDATION
কুরআন রিসার্চ ফাউন্ডেশন
11, Shahid Tajuddin Ahmed Sarani (7th Floor), Insaf Barakah Hospital Complex, Moghbazar, Dhaka, Bangladesh
Phone: 88-02-9341150, Mobile: 01199-474617, E-mail: qrfbd2012@gmail.com, Web: www.qrfbd.com

ফোর-ইন-ওয়ান কুরআন শিক্ষা কোর্স
(লেভেল-১, ২য় ব্যাচ-১ম সেমিষ্টার)

বিষয়: ফোর-ইন-ওয়ান কুরআন শিক্ষা কোর্স এর বিশেষত্ব

১. আমাদের শেখানোর পদ্ধতি- কুরআনিক। অর্থাৎ আল্লাহ তা'য়ালা যে পদ্ধতিতে বক্তব্য উপস্থাপন করেছেন সে পদ্ধতি। যেমন: শেখাতে চাওয়া বিষয় হলো-
"যাদের জ্ঞান আছে এবং যাদের জ্ঞান নেই তারা সফলতা, ব্যর্থতা, পুরস্কার, শাস্তি ইত্যাদি দিক দিয়ে কখনও সমান নয়।"

এবিষয়টি আল্লাহ তা'য়ালা যেভাবে শেখাননি-
হে মানুষ! জেনে নাও- যাদের জ্ঞান আছে এবং যাদের জ্ঞান নেই তারা সফলতা, ব্যর্থতা, পুরস্কার, শাস্তি ইত্যাদি দিক দিয়ে কখনও সমান নয়।

বরং বিষয়টি আল্লাহ যেভাবে শিখিয়েছেন-

قُلْ هَلْ يَسْتَوِى الَّذِيْنَ يَعْلَمُوْنَ وَالَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ

অনুবাদ : বলো- যারা জানে এবং যারা জানে না তারা কি কখনও সমান হতে পারে? (আয যুমার/৩৯ : ৯)

❖ প্রকৃতভাবে প্রশ্নটি এ ধরনের-
- কোনটি সঠিক? যারা জানে আর যারা জানে না তারা-
  - ১. সবদিক দিয়ে সমান
  - ২. কিছুদিক দিয়ে সমান
  - ৩. কোনো দিক দিয়ে সমান নয়
  - ৪. বলা কঠিন।

➢ আর তাই, কুরআনিক উপস্থাপন পদ্ধতি হলো-
বহু নির্বাচনী প্রশ্ন (Multiple choice question) ও উত্তর আদান-প্রদান পদ্ধতির মাধ্যমে উপস্থাপন।

➢ কুরআন অনুযায়ী শিক্ষক হলেন-
জ্ঞান শেখানোর সহায়ক ব্যক্তি (Facilitator of knowledge)।

বর্তমান মুসলিম বিশ্বের ইসলামী শিক্ষা ব্যবস্থায় শিক্ষক হলেন- জ্ঞান গিলিয়ে দেওয়া ব্যক্তি (Feeder of knowledge)। পশ্চিমা শিক্ষা ব্যবস্থায় বহু নির্বাচনী প্রশ্ন (Multiple choice question) ও উত্তর আদান-প্রদান পদ্ধতির মাধ্যমে শিক্ষাদান পদ্ধতি খুবই জনপ্রিয়। আমাদের আলোচনা বহু নির্বাচনী প্রশ্ন (Multiple choice question) ও উত্তর আদান-প্রদান পদ্ধতির মাধ্যমে উপস্থাপিত হবে, ইনশাআল্লাহ সকলে প্রশ্নগুলোর উত্তর দিলে-

- আলোচনা উপভোগ্য হবে
- আলোচনা থেকে যথাযথ ফল পাওয়া সম্ভব হবে

২. যে বিষয়সমূহ শেখানো হবে

কুরআনের জ্ঞানার্জনের সাথে সম্পর্কযুক্ত প্রধান তিনটি বিষয় হলো-

১. শুদ্ধ উচ্চারণে কুরআন তিলাওয়াত

২. আরবী গ্রামার

৩. কুরআনের জ্ঞানার্জনের নীতিমালা ও ইসলামের মৌলিক শিক্ষা

- কোনটি সঠিক? কুরআনের জ্ঞানার্জনের সাথে সম্পর্কযুক্ত প্রধান তিনটি বিষয়ের মধ্যে সবচেয়ে অধিক গুরুত্বপূর্ণটি হলো-

  ১. শুদ্ধ উচ্চারণ ২. আরবী গ্রামার

  ৩. কুরআনের জ্ঞান অর্জনের নীতিমালা ৪. বলা কঠিন।

- তাহলে কোনটি সঠিক? একজন চিকিৎসক, যার চিকিৎসা বিজ্ঞানের অনেক তথ্য জানা আছে কিন্তু নীতিমালা জানা নেই সে চিকিৎসা বিজ্ঞান প্রাকটিস করলে-

  ১. সকল রোগী মারা যাবে বা ভীষণ ক্ষতিগ্রস্ত হবে

  ২. কিছু রোগী মারা যাবে বা ভীষণ ক্ষতিগ্রস্ত হবে

  ৩. রোগীরা ভালো হয়ে যাবে

  ৪. বলা কঠিন।

- তাহলে কোনটি সঠিক? কুরআন ও হাদীসের অনেক তথ্য জানা কিন্তু নীতিমালা না জানা মুসলিম জাতি যদি ইসলাম প্রাকটিস করে তবে মুসলিম জাতি ও ইসলাম-

  ১. অবশ্যই ধ্বংসপ্রাপ্ত হবে ২. উন্নত হবে

  ৩. মনে হয় ধ্বংসপ্রাপ্ত হবে ৪. বলা কঠিন

❖ বর্তমান বিশ্বের কুরআন শিক্ষা কোর্সসমূহের অবস্থা

১. সবগুলোতে শুদ্ধ উচ্চারণে কুরআন তিলওয়াত শেখানো হয়

২. অনেকগুলোতে শুদ্ধ উচ্চারণের সাথে আরবী গ্রামারও শেখানো হয়

৩. কোনোটিতে কুরআনের জ্ঞানার্জনের নীতিমালা শেখানো হয় না

❖ 'ফোর-ইন-ওয়ান কুরআন শিক্ষা কোর্স'এ শেখানো হবে-

১. অতিঅল্প সময়ে, নতুন পদ্ধতিতে শুদ্ধ কুরআন তিলাওয়াত ও অনুবাদ

২. কুরআনের জ্ঞানার্জনের নীতিমালা ও ইসলামের মৌলিক শিক্ষা

৩. কুরআনিক আরবী গ্রামার

৪. সাধারণ মানব শরীর বিজ্ঞান (Popular Human biology)

অতিঅল্প সময়ে, নতুন পদ্ধতিতে শুদ্ধ কুরআন তিলাওয়াত ও অনুবাদ কুরআনের জ্ঞানার্জনের নীতিমালা ও ইসলামের মৌলিক শিক্ষা। এ কোর্সে কুরআনের জ্ঞানার্জনের নীতিমালা ও মৌলিক শিক্ষাকে সবচেয়ে বেশি

গুরুত্ব দিয়ে শেখানো হবে। এ কোর্সে- 'আরবী ভাষা ও গ্রামার' নয়, 'কুরআনিক আরবী ভাষা ও গ্রামার' শেখানো হবে।

'আরবী ভাষা ও গ্রামার' এবং 'কুরআনিক আরবী ভাষা ও গ্রামার'-এর মধ্যে পার্থক্য-

১. আরবী ভাষা শুধু আরবদের জন্য আর কুরআন সকল মানুষের জন্য। তাই, মহান আল্লাহ কুরআন লিখতে অত্যন্ত সহজ আরবী ভাষা ও গ্রামার ব্যবহার করেছেন যেন সকল মানুষ খুব সহজে তা আয়ত্ব করতে পারে।
২. কুরআনে অনেক বাংলা শব্দ (বাংলায় আত্মস্থ হওয়া শব্দ) আছে যা আমরা জানি। যেমন- আল্লাহ, কুরআন, নবী, রাসূল, মুহাম্মাদ, মূসা, ঈসা, সুন্নাহ, কিয়াম, কিরাত, মসজিদ, রুকু, সিজদা, জান্নাত, জাহান্নাম, শয়তান, নেয়ামত, গজব, তাকদীর, হুর, সালাত, সিয়াম, হাজ্জ, সাওয়াব, হায়াত, মউত, তাকওয়া, মুত্তাকী, হারাম, হালাল, তওবা ইত্যাদি
৩. আমরা কুরআনের বিষয়বস্তুর সঙ্গে পরিচিত। তাই একটি আয়াতের কিছু শব্দের অর্থ জানা থাকলে পুরো আয়াতটির বক্তব্য বুঝা যায়। উদাহরণ- নেট পর্দার পেছনে থাকলে পর্দার সামনের জিনিসগুলো পুরো দেখা যায় না। কিন্তু পর্দাটি ওপর-নিচে, ডানে-বামে নাড়ালে জিনিসগুলো পুরোটাই দেখা যায়। জান্নাত খুব ... জায়গা অথবা জাহান্নাম কঠিন ... জায়গা।
৪. আমরা বাংলা অনুবাদের সাহায্য নিয়ে শিখবো। তাই শব্দের অর্থ আগে থেকে জানা না থাকলেও অসুবিধা হবে না। আলহামদুলিল্লাহ, বর্তমানে পৃথিবীর সকল বড়ো ভাষায় কুরআনের অনুবাদ পাওয়া যায়। যে কোনো একটি অনুবাদের সাহায্য নিলে চলবে।। তবে 'যুগের জ্ঞানের আলোকে করা অনুবাদ'-এর সাহায্য নিলে অধিক সঠিকভাবে শেখা যাবে।


এ কোর্সের কুরআনের ভাষা শেখানোর পদ্ধতি প্রাকৃতিক পদ্ধতি

- কোনটি সঠিক? ভাষা শেখার সবচেয়ে ভালো পদ্ধতি হলো-
  ১. প্রাকৃতিক (আল্লাহর শেখানো) পদ্ধতি  ২. অপ্রাকৃতিক পদ্ধতি  ৩. বলা কঠিন
- কোনটি সঠিক? শিশুরা ভাষা শিখে-
  ১. প্রাকৃতিক পদ্ধতিতে  ২. অন্য পদ্ধতিতে  ৩. বলা কঠিন
- কোনটি সঠিক? শিশুরা ভাষা শেখার সময় প্রথমে শেখে-
  ১. উচ্চারণ  ২. বাক্য  ৩. শব্দ  ৪. ব্যাকরণ  ৫. বলা কঠিন

তাই এ কোর্সে, আরবী ভাষা শেখার ব্যাপারে আল্লাহর তৈরি প্রাকৃতিক নিয়ম অনুসরণ করা হবে। অর্থাৎ-


- শব্দ গঠনের (ছরফ) ওপর বেশি গুরুত্ব দেওয়া হবে
- বাক্য গঠনের (নাহু) ওপর অপেক্ষাকৃত কম গুরুত্ব দেওয়া হবে।


এ কোর্সে সূক্ষ্ম ও কঠিন আরবী গ্রামার শেখানো হবে না। সূক্ষ্ম ও কঠিন ব্যাকরণ শেখাতে গেলে মানুষ পালিয়ে যাবে। যেমন-




---

## সাধারণ মানব শরীর বিজ্ঞান **( Popular Human biology)**




ANATOMY OF THE HUMAN BODY
brain
oesophagus
lungs
heart
liver
stomach
kidneys
large intestine
small intestine


© Craig Hibbert




❖ মানব শরীর বিজ্ঞান জানার গুরুত্ব

اِقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ .
خَلَقَ الْاِنْسَانَ مِنْ عَلَقٍ .
اِقْرَأْ وَرَبُّكَ الْاَكْرَمُ .
اَلَّذِيْ عَلَّمَ بِالْقَلَمِ .
عَلَّمَ الْاِنْسَانَ مَالَمْ يَعْلَمْ .

(আল আলাক/৯৬ : ১-৫)

অনুবাদ

- পড়ো তোমার রবের নামে যিনি সৃষ্টি করেছেন
- যিনি আলাক থেকে মানুষ সৃষ্টি করেছেন
- পড়ো এবং তোমার রব মহাসম্মানিত
- যিনি কলমের মাধ্যমে শিক্ষা দিয়েছেন
- (কুরআনের মাধ্যমে) মানুষকে এমন বিষয় শিখিয়েছেন যা সে আগে (জন্মগতভাবে) জানে না।




سَنُرِيهِمْ آيَاتِنَا فِي الْآفَاقِ وَفِي أَنْفُسِهِمْ حَتَّىٰ يَتَبَيَّنَ لَهُمْ أَنَّهُ الْحَقُّ ۗ

অনুবাদ : শীঘ্রই আমরা দিগন্তে এবং তাদের নিজেদের শরীরের মধ্যে থাকা আমাদের প্রেরিত শিক্ষণীয় বিষয়সমূহ তাদেরকে দেখাতে থাকবো, যতক্ষণ না তাদের কাছে সুস্পষ্ট হয়ে উঠবে যে তা (কুরআনের সকল বক্তব্য) সত্য। (হা-মিম-আস-সিজদা/৪১ : ৫৩)


## মানব শরীর বিজ্ঞান শেখানোর পদ্ধতি

উদাহরণ

Cardio Vascular system

শারীরিক সড়ক যোগাযোগ ও পরিবহন পদ্ধতি

**(Road link and transport system of body)**



শিক্ষা বিষয়ক গুরুত্বপূর্ণ দু'টি তথ্য

শিক্ষার সোনালী নীতিমালা
(Golden rules of learning)

- I listen, I forget
- I see, I remember
- I practice, I learn
- I teach, I master

শেখার উপায়সমূহ





মনে রাখার সূত্রসমূহ


মনে রাখার ১ম সূত্র:
পুনরাবৃত্তি (Revision)
ভুলে যাওয়া স্বাভাবিক। তাই মনে রাখার জন্য পুনরাবৃত্তি করতে হবে।

পুনরাবৃত্তির **(Revision)** নীতিমালা-
১ম বার- এক ঘণ্টা পর
২য় বার- এক দিন পর
৩য় বার- এক সপ্তাহ পর
৪র্থ বার- এক মাস পর
৫ম বার- এক সেমিস্টার পর (৬ মাস)
… … … … …
মনে রাখার ১ম সূত্রটি প্রথমে কে শিখিয়েছেন? আল্লাহ তা'য়ালা। মনে রাখার ১ম সূত্রটি আল্লাহ তা'য়ালা কীভাবে শিখিয়েছেন? সালাতে কুরআন তিলাওয়াত বাধ্যতামূলক করা।

মনে রাখার ২য় সূত্র

মস্তিষ্কে ঝলক তৈরি করা। শব্দ, ছবি, আকার, রং, নড়াচড়া, উচ্চারণ, প্রশ্ন, ধমক, গন্ধ, ব্যথা, আবেগ, অনুভূতি ইত্যাদি মস্তিষ্কে ঝলক সৃষ্টি করে।






মস্তিষ্কে যত বেশি ঝলক তৈরি করা যাবে-

- মুখস্ত করা তত সহজ হবে
- স্মরণ রাখা তত সহজ হবে
- মনে করা তত সহজ হবে

এ কোর্সে মনে রাখার সূত্রসমূহের যতবেশি সংখ্যক সম্ভব ব্যবহার করা হবে, ইনশাআল্লাহ।


কুরআন রিসার্চ ফাউন্ডেশন **(QRF)** মানবতার সামনে যা উপস্থাপন করছে তার কয়েকটি নমুনা-

নমুনা প্রশ্ন-১


- কোনটি সঠিক?
  ১. General knowledge অর্থ- সাধারণ জ্ঞান
  ২. Common sense অর্থ- সাধারণ জ্ঞান
  ৩. উভয়টি সঠিক
  ৪. কোনোটি সঠিক নয়

- প্রকৃত অর্থ
  - General knowledge অর্থ- অর্জিত সাধারণ জ্ঞান
  - Common sense অর্থ- জন্মগতভাবে আল্লাহ প্রদত্ত সাধারণ জ্ঞান

❖ নমুনা প্রশ্ন-২



- কোনটি সঠিক? এ ছবি প্রমাণ করে প্রচলিত অর্জিত সাধারণ জ্ঞান অনুযায়ী প্রেম, প্রীতি, স্নেহ, মমতা, ভালোবাসা, দুঃখ-কষ্ট ইত্যাদির আধার মন থাকে-
  ১. মাথায় থাকা ব্রেইন
  ২. বুকে থাকা হার্ট (হৃৎপিণ্ড)
  ৩. কোনোটি সঠিক নয়
  ৪. বলা কঠিন





فَإِنَّهَا لَا تَعْمَى الْأَبْصَارُ وَلَٰكِنْ تَعْمَى الْقُلُوبُ الَّتِي فِي الصُّدُورِ.

প্রচলিত অনুবাদ: প্রকৃতপক্ষে চোখ অন্ধ নয় বরং অন্ধ হচ্ছে মন যা আছে বক্ষে। (হাজ্জ/২২ : ৪৬)


فَإِنَّهَا لَا تَعْمَى الْأَبْصَارُ وَلَٰكِنْ تَعْمَى الْقُلُوبُ الَّتِي فِي الصُّدُورِ.

প্রকৃত অনুবাদ : প্রকৃতপক্ষে চোখ অন্ধ নয় বরং অন্ধ হচ্ছে মন (মনে থাকা জ্ঞানের শক্তি) যা আছে সম্মুখ ব্রেইনে (Fore brain)। (সূরা হাজ্জ/২২ : ৪৬)











ANATOMY OF THE HUMAN BODY
brain
oesophagus
lungs
heart
liver
stomach
kidneys
small intestine
large intestine




فَإِنَّهَا لَا تَعْمَى الْأَبْصَارُ وَلَٰكِنْ تَعْمَى الْقُلُوبُ الَّتِي فِي الصُّدُورِ.

প্রকৃত অনুবাদ : প্রকৃতপক্ষে চোখ অন্ধ নয় বরং অন্ধ হচ্ছে মন (মনে থাকা জ্ঞানের শক্তি) যা আছে সম্মুখ ব্রেইনে (Fore brain)। (সূরা হাজ্জ/২২ : ৪৬)

নমুনা প্রশ্ন-৩

- সঠিক না ভুল? কপালের লিখন না যায় খণ্ডন বর্তমান বিশ্বে এ তথ্যটি জানা ও বিশ্বাস করা মানুষের সংখ্যা-
  ১. শতভাগ
  ২. প্রায় শতভাগ
  ৩. অনেক
  ৪. খুব কম
  ৫. বলা কঠিন

وَأَنْ لَيْسَ لِلْإِنْسَانِ إِلَّا مَا سَعَىٰ .

অনুবাদ : মানুষ শুধু তাই পায় যার জন্য সে চেষ্টা-সাধনা করে (কর্মপ্রচেষ্টা চালায়)। (নাজম/৫৩ : ৩৯)

❖ নমুনা প্রশ্ন-৪

- সঠিক না ভুল?আল্লাহর তাৎক্ষণিক ইচ্ছা ছাড়া গাছের পাতাটিও পড়ে না। বর্তমান বিশ্বে এ তথ্যটি জানা ও বিশ্বাস করা মানুষের সংখ্যা-
  ১. শতভাগ
  ২. প্রায় শতভাগ
  ৩. অনেক

৪. খুব কম
৫. বলা কঠিন

- কোন ধারণা বিশ্বাসের ভিত্তিতে পরের স্লাইডে আসা  জনপ্রিয় গানটি রচিত হয়েছে?

এই যে দুনিয়া কিসেরও লাগিয়া কত যত্নে বানাইয়াছেন সাঁই!
ছায়াবাজি পুতুল রূপে বানাইয়া মানুষ
যেমনি নাচাও তেমনি নাচি পুতুলের কি দোষ
... ... ... ... ... ... ... ... ... ... ...   ...
সর্প হইয়া দংশন কর, ওঝা হইয়া ঝাড়
হাকিম হ্ইয়া হুকুম কর, পুলিশ হইয়া ধর
এই যে দুনিয়া কিসেরও লাগিয়া কত যত্নে বানাইয়াছেন সাঁই!

اِنَّ اللهَ لاَ يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتّٰى يُغَيِّرُوا مَا بِاَنْفُسِهِمْ ط

অনুবাদ : নিশ্চয় আল্লাহ কোনো জাতির অবস্হার পরিবর্তন করেন না যতক্ষণ না জাতির লোকেরা নিজেদের অবস্হার পরিবর্তন করে। (রা'দ/১৩ : ১১)

❖ নমুনা প্রশ্ন-৫

- কোনটি সঠিক? আল কুরআনের সবচেয়ে ভালো তাফসীর (ব্যাখ্যা) গ্রন্থ হলো-

১. ইবনে আব্বাস (রা.)-এর তাফসীর
২. জালালাইন
৩. ইবনে কাসীর
৪. ফী যিলালিল কুরআন
৫. মা'আরেফুল কুরআন
৬. তাফহীমুল কুরআন
৭. অন্যকিছু

- আল্লাহর তা'য়ালার করা তাফসীর গ্রন্থ কোনটি?

আল কুরআন

- কোনটি সঠিক? বর্তমান মুসলিম বিশ্বে এ তথ্যটি জানা মুসলিমের সংখ্যা-

১. শতভাগ
২. প্রায় শতভাগ
৩. অনেক
৪. খুব কম
৫. বলা কঠিন

كِتَابٌ فُصِّلَتْ آيَاتُهُ قُرْآنًا عَرَبِيًّا لِّقَوْمٍ يَعْلَمُونَ

অনুবাদ : এটি আরবী ভাষার, অধ্যয়ন দাবিকৃত একটি গ্রন্থ, যার আয়াতসমূহ খুলে খুলে (ব্যাখ্যাসহ) বর্ণিত জ্ঞানী (Common sense/আকলধারী) সম্প্রদায়ের জন্য। (হা-মিম-আস সাজদা/৪১ : ৩)

اللَّهُ نَزَّلَ أَحْسَنَ الْحَدِيثِ كِتَابًا مُّتَشَابِهًا مَّثَانِيَ

অনুবাদ : আল্লাহ অবতীর্ণ করেছেন উত্তম বাণী সম্বলিত কিতাব যা সাদৃশ্যপূর্ণ (সম্পূরক/বিরোধী নয়) এবং যাতে একই বিষয় (ভিন্ন আঙ্গিকে) বার বার উল্লেখ করা হয়েছে। (ঝুমার/৩৯ : ২৩)

❖ নমুনা প্রশ্ন-৬

- কোনটি সঠিক? সহীহ হাদীস বলতে বুঝায়-
  ১. বর্ণনা সূত্র (সনদ) নির্ভুল হওয়া হাদীস
  ২. বক্তব্য বিষয় (মতন) নির্ভুল হওয়া হাদীস
  ৩. উভয়টি সঠিক
  ৪. জানি না

- কোনটি সঠিক? তথ্যটি জানা ও বিশ্বাস করা মুসলিমের সংখ্যা-
  ১. শতভাগ
  ২. প্রায় শতভাগ
  ৩. অনেক
  ৪. খুব কম
  ৫. বলা কঠিন

❖ নমুনা প্রশ্ন-৭

اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ

সঠিক না ভুল?
প্রচলিত অনুবাদ : আমাদেরকে সরল পথ দেখান।

- কোনটি সঠিক?তথ্যটি জানা ও বিশ্বাস করা মুসলিমের সংখ্যা-
  ১. শতভাগ
  ২. প্রায় শতভাগ
  ৩. অনেক
  ৪. খুব কম
  ৫. বলা কঠিন

প্রকৃত অনুবাদ : আমাদেরকে (জীবন পরিচালনার) স্থায়ী পথটি দেখান।

❖ নমুনা প্রশ্ন-৮
পৃথিবীতে ইসলামের অনেক মৌলিক বিষয় জানা মানুষের সংখ্যা-
১. খুব কম
২. অনেক
৩. প্রায় শূন্য
৪. বলা কঠিন
পৃথিবীতে Common sense/আকল সম্পন্ন সকল মানুষ ইসলামের অনেক মৌলিক বিষয় জানে।

❖ নমুনা প্রশ্ন-৯

- কোনটি সঠিক? পৃথিবীর কতজন মানুষ ইসলামী শিক্ষায় (মাদ্রাসা শিক্ষায়) শিক্ষিত-
  ১. সকলে
  ২. অনেকে
  ৩. খুব কম/প্রায় শূন্য
  ৪. বলা কঠিন

وَعَلَّمَ آدَمَ الْأَسْمَاءَ كُلَّهَا ثُمَّ عَرَضَهُمْ عَلَى الْمَلَائِكَةِ فَقَالَ أَنبِئُونِي بِأَسْمَاءِ هَٰؤُلَاءِ إِن كُنتُمْ صَادِقِينَ.

সরল অনুবাদ : অতঃপর তিনি আদমকে ‘সকল ইসম’ শেখালেন, তারপর সেগুলো ফেরেশতাদের কাছে উপস্থাপন করলেন, অতঃপর বললেন- তোমরা আমাকে এ ইসমগুলো সম্পর্কে বলো যদি সত্যবাদী হয়ে থাকো।(আল বাকারা/২ : ৩১)

❖ নমুনা প্রশ্ন-১০

ذَٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ ۛ فِيهِ ۛ

অনুবাদ : (এ হলো) সেই কিতাবটি, এর মধ্যে কোনো সন্দেহ নেই। (সূরা বাকারা/২ : ২)

- (এ হলো) সেই কিতাবটি কথাটির ব্যাখ্যা কী?
- এটি কুরআন না বলে এটি সেই কিতাব বলা হয়েছে কেন?

- তাহলে কোনটি সঠিক? ‘এর মধ্যে (কুরআনে) কোনো সন্দেহ নেই’ কথাটির অধিক গ্রহণযোগ্য অর্থ হবে আল কুরআনে-
  ১. Common sense-এর বিপরীত কথা নেই
  ২. কোনো ভুল নেই
  ৩. কোনটি সঠিক নয়
  ৪. বলা কঠিন

❖ নমুনা প্রশ্ন-১১

- সঠিক না ভুল?

‘সালাত কায়েম করা’ বাক্যটির প্রচলিত ব্যাখ্যা হলো- সালাতের অনুষ্ঠান নিয়ম-কানুন মেনে নিষ্ঠার সাথে নিজে সঠিকভাবে আদায় করা এবং সমাজের সবাই যেন সালাতের অনুষ্ঠান সঠিকভাবে আদায় করতে পারে তার ব্যবস্হা করা।

প্রকৃত ব্যাখ্যা :
সালাতের অনুষ্ঠান নিয়ম-কানুন মেনে নিষ্ঠার সাথে পালন করে, প্রতিটি অনুষ্ঠান ও পঠিত বিষয় থেকে দিতে চাওয়া শিক্ষা নিয়ে সে শিক্ষা ব্যক্তি ও সমাজ জীবনে প্রতিষ্ঠা করা

فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ . الَّذِيْنَ هُمْ عَنْ صَلاَتِهِمْ سَاهُوْنَ. الَّذِيْنَ هُمْ يُرَاءُوْنَ . وَيَمْنَعُوْنَ الْمَاعُوْنَ.

অনুবাদ: অতঃপর দুর্ভোগ (ওয়াইল নামক জাহান্নাম) সেই সালাত আদায়কারীদের জন্য। যারা তাদের সালাতের (সময়, নিষ্ঠা, একাগ্রতা ইত্যাদি) সম্বন্ধে উদাসীন। যারা লোক দেখানোর জন্য কাজ করে। আর ছোট-খাটো জিনিসও মানুষকে দান করা হতে বিরত থাকে (কৃপণ)।(আল মাউন/১০৭ : ৪, ৫, ৬, ৭)

ব্যাখ্যা: সালাতের তিনটি শিক্ষা হলো-
১. সালাতসহ সকল আমল সঠিক সময়, নিষ্ঠা, একাগ্রতা ইত্যাদি সহকারে করা
২. মানুষকে দেখানো জন্য নয়, আল্লাহর সন্তুষ্টির জন্য সকল কাজ করা
৩. কৃপণ না হওয়া

আল কুরআন ও সুন্নাহর ভবিষ্যদ্বাণী

❖ ভবিষ্যদ্বাণী-১
ইবলিসের কথা

ثُمَّ لَاٰتِيَنَّهُمْ مِنْ بَيْنِ أَيْدِيهِمْ وَمِنْ خَلْفِهِمْ وَعَنْ أَيْمَانِهِمْ وَعَنْ شَمَائِلِهِمْ ۖ

অনুবাদ : অতঃপর আমি নিশ্চয় তাদের কাছে আসবো তাদের সামনের ও পিছনের দিক এবং ডান দিক ও বাম দিক থেকে।(আল আ'রাফ/৭ : ১৭)

❖ ভবিষ্যদ্বাণী-২
আল্লাহ তা'য়ালার কথা

وَقُلْنَا يَا آدَمُ اسْكُنْ أَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ وَكُلَا مِنْهَا رَغَدًا حَيْثُ شِئْتُمَا وَلَا تَقْرَبَا هَٰذِهِ الشَّجَرَةَ فَتَكُونَا مِنَ الظَّالِمِينَ

অনুবাদ : আর আমরা বললাম, হে আদম! তুমি ও তোমার স্ত্রী জান্নাতে বসবাস করো এবং সেখানে যা তোমাদের মন চায় তা তৃপ্তিসহকারে খাও। তবে ঐ গাছটির কাছেও যাবে না, তাহলে তোমরা জালিমদের অন্তর্ভুক্ত হয়ে যাবে। (বাকারা/২ : ৩৫)

❖ ভবিষ্যদ্বাণী-৩
ইবলিসের কথা (আল্লাহর বলা)

فَوَسْوَسَ لَهُمَا الشَّيْطَانُ لِيُبْدِيَ لَهُمَا مَا وُورِيَ عَنْهُمَا مِنْ سَوْآتِهِمَا وَقَالَ مَا نَهَاكُمَا رَبُّكُمَا عَنْ هَٰذِهِ الشَّجَرَةِ إِلَّا أَنْ تَكُونَا مَلَكَيْنِ أَوْ تَكُونَا مِنَ الْخَالِدِينَ.

(আল আ'রাফ/৭ : ২০)

অনুবাদ : অতঃপর  শয়তান তথ্যসন্ত্রাসের মাধ্যমে (মনের বিতর্কে), তাদেরকে গোপন অঙ্গ উলঙ্গ করে দেখানোর মতো অবস্থায় ফেলার জন্য বললো- তোমরা দুজনে যাতে ফেরেশতা হতে কিংবা চিরকাল জান্নাতে থাকতে না পারো সে জন্য তোমাদের রব গাছটি সম্পর্কে তোমাদেরকে নিষেধ করেছেন।

সুন্নাহ

عَنْ أَبِي الدَّرْدَاءِ، ... ... ...قَالَ: هَذَا أَوَانُ يُخْتَلَسُ العِلْمُ مِنَ النَّاسِ حَتَّى لَا يَقْدِرُوا مِنْهُ عَلَى شَيْءٍ ... ... ...

অনুবাদ : ইমাম তিরমিযী (রহ.) আবূ দারদা (রা.)-এর বর্ণনা সনদের ৬ষ্ঠ ব্যক্তি আবদুল্লাহ বিন আবদুর রহমান থেকে শুনে তাঁর 'সুনান' গ্রন্থে লিখেছেন-
আবূ দারদা (রা.) বলেন- আমরা রসূলুল্লাহ (স.)-এর সাথে ছিলাম। তিনি আকাশের দিকে তাকালেন, তারপর বললেন- এই (এক) সময়ে মানুষের কাছ থেকে ইলমকে ছিনিয়ে নেওয়া হবে, এমনকি এ বিষয়ে

(ইলম অর্জনের বিষয়ে) তাদের কোনো ক্ষমতাই থাকবে না... ... ... সুনানুত তিরমিযী, হাদীস নং ২৬৫৩, পৃ. ৪৭০।

শেষ কথা

কোনটি সঠিক? ফোর-ইন-ওয়ান কুরআন শিক্ষা কোর্সে অংশ গ্রহণ করার সুযোগ পেয়ে আমরা আলহামদুলিল্লাহ-
১. বলবো
২. বলবো না
৩. অবশ্যই বলবো
৪. বলা কঠিন

আলহামদুলিল্লাহ, আমাদের যাত্রা শুরু হলো! আমরা থামবো না!!

মহান আল্লাহ আমাদের সকলকে ইসলাম সঠিকভাবে বুঝা, সে অনুযায়ী আমল করা এবং অপরকে বুঝানোর তৌফিক দান করুন। আমিন! ছুম্মা আমিন!!

---

কুরআন রিসার্চ ফাউন্ডেশন সম্পর্কে বিস্তারিত জানতে
ওয়েবসাইট : www.qrfbd.org
ই-মেইল : qrfbd2012@gmail.com
ফেসবুক পেজ : Quran Research Foundation
ফেসবুক আইডি-কুরআন রিসার্চ ফাউন্ডেশন
ইউটিউব : www.youtube/QRF . TV
স্কাইপি আইডি : Quran Research Foundation
আমাদের অনলাইন শপ- shop.qrfbd.org
ঘরে বসে কুরআন শিখতে গুগল প্লেস্টোর হতে ডাউনলোড করুন-**selflearnquran**
কম্পিউটারে বসে কুরআন শিখতে ইনস্টল করুন-কুরআন শিক্ষার সফটওয়ার

সার্বিক যোগাযোগ
০১৯৪৪-৪১১৫৫৯(আইটি), ০১৯৭৯-৪৬৪৭১৭(দাওয়াহ)